

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল



২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী

(৮৬, বিজয় নগর), ঢাকা-১০০০

ফোনঃ ৯৫৫৫৫৩৮, ৯৫৮৬৭২৭, ফ্যাক্সঃ ৯৫৫৫২৩৬

e-mail: bmdc_mh@bangla.net

website: www.bmdc.org.bd

Handwritten signature and date: ০১/০১/২৫

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সকল নিবন্ধিত (বিএমএন্ডডিসি হইতে রেজিস্ট্রেশন প্রাপ্ত) চিকিৎসক/দন্তচিকিৎসক এবং সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক স্বীকৃত নয় এমন কোন নাম, পদবী, শিক্ষাগত যোগ্যতা, বিবরণ ইত্যাদি বিএমএন্ডডিসি হইতে নিবন্ধন প্রাপ্ত কোন চিকিৎসক/দন্তচিকিৎসক ব্যবহার করিতে পারিবেন না। কেননা এই সমস্ত স্বীকৃতিবিহীন ডিগ্রি/পদবী ব্যবহারে কাহারো অতিরিক্ত পেশাগত শিক্ষাযোগ্যতা আছে বলিয়া জনসাধারণ মনে করিতে পারেন এবং প্রতারণিত হইতে পারেন। লক্ষ্য করা যাইতেছে যে, কোন কোন নিবন্ধিত চিকিৎসক/দন্তচিকিৎসক তাঁহাদের সাইন বোর্ড প্রেসক্রিপশান প্যাড, ভিজিটিং কার্ড ইত্যাদিতে PGT; BHS; FCPS- (Part-I), (Part-II); MD- (in course), (Part-I), (Part-II) (থিসিস পর্ব), (Last Part), Course Completed (cc); MS (in course), (Part-I), (Part-II) (থিসিস পর্ব), (Last Part), Course Completed (cc) ইত্যাদি এবং দেশ বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠান হইতে প্রদত্ত ফেলোশিপ এবং ট্রেনিংসমূহ যথা -FRCP, FRHS, FICA, FICS, FAMS, FIAGP ইত্যাদি উল্লেখ করিতেছেন যাহা কোন স্বীকৃত চিকিৎসা শিক্ষা যোগ্যতা নয় এবং বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃত নয়। ইহা ছাড়াও স্বীকৃত পোস্টগ্রাজুয়েশান ডিগ্রি না থাকা সত্ত্বেও কেহ কেহ মেডিসিন বিশেষজ্ঞ, সার্জারী বিশেষজ্ঞ, শিশুরোগ বিশেষজ্ঞ, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ, চক্ষু বিশেষজ্ঞ, নাক-কান-গলা বিশেষজ্ঞ, গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ইত্যাদি বিভিন্ন বিষয়ের বিশেষজ্ঞ হিসাবে তাহাদের পরিচিতি প্রদান করিয়া তাহা প্রেসক্রিপশান প্যাড, সাইন বোর্ড, ভিজিটিং কার্ড ইত্যাদিতে ব্যবহার করিতেছেন যাহা জনসাধারণের সঙ্গে প্রতারণামূলক কাজ হিসাবে গণ্য। ইহা স্পষ্টতই বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইনের পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ। এইজন্য অর্ধ দণ্ড অথবা কারাদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইতে পারেন।

এমতাবস্থায় বিএমএন্ডডিসি হইতে প্রাপ্ত রেজিস্ট্রেশন বাতিলসহ আইনে উল্লেখিত অন্যান্য শাস্তি পরিহার করার লক্ষ্যে সকল নিবন্ধিত চিকিৎসক/দন্তচিকিৎসককে বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃত নয় এমন কোন ডিগ্রি, পদবী, ফেলোশীপ ট্রেনিংসমূহ ইত্যাদি ব্যবহার না করা এবং স্বীকৃত পোস্টগ্রাজুয়েশান ডিগ্রি না থাকা সত্ত্বেও নামের পর বিশেষজ্ঞ পদবী ব্যবহার না করার জন্য অবহিত করা যাইতেছে।

THE DAILY STAR
DT. 19/4/2014

রেজিস্ট্রার

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল